

## জাত পরিচিতি

ব্রি ধান৮০ বৃষ্টি নির্ভর রোপা আমন মৌসুমের জাত। এর কৌলিক সারি বিআর৭৬৯৭-১৫-৪-৪-২-২। জাতটি আইআর৬৫৬১০-১০৫-২-৫-২-২ এবং আইআর৬৭৪২৩-২০৮-৬-২-৩-৩ নামক জেনেটাইপ এর সাথে সংকরায়ণ করে উত্তোলন করা হয়। জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে রোপা আমন মৌসুমের জন্য ছাড়করণ করা হয়।



ব্রি ধান৮০

## জাতের বৈশিষ্ট্য

- ব্রি ধান৮০ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান
- গাছের আকার ও আকৃতি ব্রি ধান৩৭ এর মতো তবে পাতা এবং দানার আকার আকৃতি একটু মোটা
- এ গাছের কাণ্ড ব্রি ধান৩৭ এর চেয়ে শক্ত এবং গোড়া গাঢ় বাদামী বর্ণের
- ডিগপাতা খাড়া ও লম্বা
- পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১২০ সেমি
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন ২৬.২ গ্রাম
- চালে অ্যামাইলোজ ২৩.৬%

## জাতের প্রয়োজনীয়তা

এ ধানের চাল থাইল্যান্ডের জনপ্রিয় জেসমিন ধানের মত এবং সুগন্ধি থাকায় বিদেশে রপ্তানীযোগ্য।

## জীবন কাল

১৩০-১৩৫ দিন

## ফলন

হেক্টরে ৪.৫-৫.০ টন

## চাষাবাদ পদ্ধতি

- বীজ বপনের সময় : ২১ আগাঠ - ১০ শ্রাবণ (৫ - ২৫ জুলাই)
- চারার বয়স ও সংখ্যা : ২৫ দিনের চারা প্রতি গুচ্ছিতে ২-৩ টি
- রোপনের দুরত্ব : ২০ সেমি × ১৫ সেমি
- সারের মাত্রা :

ইউরিয়া টিএসপি এমপি জিপসাম জিংক সালফেট

২৪	১০	১৩	৯	১.৩
----	----	----	---	-----

সর্বশেষ জমি চাষের সময় সম্পূর্ণ টিএসপি, অর্ধেক এমওপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিনি কিস্তিতে রোপনের (১০-১৫ দিন, ২৫-৩০ দিন এবং ৪০-৪৫ দিন) পর প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমওপি তৃতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে পারে।

- রোগবালাই ও পোকামাকড় : ব্রি ধান৮০ এ রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ তুলনামূলক কম। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে সমর্পিত বালাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করতে হবে।
- আগাছা দমন : চারা রোপনের অন্তত ৩৫-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।
- ফসল কাটা : অগ্রহায়ণের ১-১১ (১৫-২৫ নভেম্বর)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইলঃ dr@brri.gov.bd